

শিক্ষার্থী-কর্মচারী সংঘর্ষ তাজউদ্দীন মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা

■ গাজীপুর প্রতিনিধি

শিক্ষার্থী ও কর্মচারীদের মধ্যে দুই দফা সংঘর্ষের জেরে গতকাল মঙ্গলবার গাজীপুরের শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। শিক্ষার্থীদের সন্ধ্যা ৬টার মধ্যে হল ত্যাগেরও নির্দেশ দেওয়া হয়েছে। সোমবার এক শিক্ষার্থীর মায়ের এক্স-রে করতে অস্বীকৃতি জানানোর জের ধরে সংঘর্ষের সূত্রপাত হয়।

হাসপাতালের আবাসিক চিকিৎসক প্রণয় কুমার দাস বলেন, এক শিক্ষার্থীর মায়ের এক্স-রে করাকে কেন্দ্র করে সোমবারের ঘটনার জের ধরে গতকাল আবারও উত্তপ্ত হয়ে ওঠে মেডিকেল কলেজ ক্যাম্পাস। পরিস্থিতি সামাল দিতে গাজীপুরের পুলিশ সুপার হারুন অর রশিদ, অতিরিক্ত পুলিশ সুপার সোলায়মান মিয়া, অতিরিক্ত পুলিশ সুপার গোলাম সবুরসহ পুলিশ কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ডা. সৈয়দ মো. হাবিবউল্লাহ ও অধ্যক্ষ ডা. মো. আসাদ হোসেনের সঙ্গে বৈঠক করেন। পরে অধ্যক্ষ একাডেমিক কাউন্সিলের জরুরি বৈঠক ডাকেন। ওই বৈঠক থেকে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণার সিদ্ধান্ত হয়।

সোমবার জাহাঙ্গীর হোসেন নামে এক শিক্ষার্থী তার অসুস্থ মায়ের চিকিৎসার জন্য ওই হাসপাতালে নিয়ে আসেন। চিকিৎসক ওই শিক্ষার্থীর মাকে এক্স-রে করার পরামর্শ দেন। পরে তিনি হাসপাতালের এক্স-রে কক্ষে নিয়ে গেলে সেখানে থাকা আউটসোর্সিংয়ের কর্মচারীরা সাদা কাগজে চিকিৎসকের স্বাক্ষর না থাকায় এক্স-রে করতে অপারগতা জানান। এ নিয়ে কর্মচারীদের সঙ্গে জাহাঙ্গীরের বাকবিতণ্ডা হয়। বিষয়টি জানাজানি হলে অন্য ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে এক্স-রে কক্ষে ভাঙুর চালান। সোমবার দুপুরে ঘটে যাওয়া এ ঘটনার পর কর্তৃপক্ষ বিষয়টি সীমাংসা করার জন্য গতকাল সময় নির্ধারণ করে দেন। কিন্তু নির্ধারিত সময়ের আগেই আবারও শিক্ষার্থী ও কর্মচারীরা সংঘর্ষে জড়িয়ে পড়েন। এতে উভয় পক্ষের অন্তত ছয়জন আহত হন। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। কলেজ ক্যাম্পাস এলাকায় বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন রয়েছে বলে জানান জয়দেবপুর থানার ওসি মোহাম্মদ আমিনুল ইসলাম।

কলেজের অধ্যক্ষ মো. আসাদ হোসেন জানান, মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে শিক্ষার্থীদের সন্ধ্যা ৬টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে।

স্বাক্ষর	
তারিখ	
স্বাক্ষর	
তারিখ	
স্বাক্ষর	
তারিখ	
স্বাক্ষর	
তারিখ	
স্বাক্ষর/আজ্ঞার্থে	

(Handwritten signature)

(Handwritten signature)